

শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে জেলা প্রশাসনের গৃহীত কর্মসূচি

রাজশাহী, ২৮ অগ্রহায়ণ (১৩ ডিসেম্বর):

আগামী ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস। দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে রাজশাহী জেলা প্রশাসন বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে।

এদিন বিকাল ৩:০০ টায় জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে স্বাস্থ্যবিধি মেনে সীমিত আকারে শহিদ স্মৃতি স্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করা হবে। পরে বিকাল ৩:১৫টায় দিবসটির তাৎপর্য তুলে ধরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

দিবসটির গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে স্কুল, কলেজ ও মাদ্রাসাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে সুবিধামত সময়ে আলোচনা সভার আয়োজন করা হবে।

.....
তৌহিদুজ্জামান/আতিক/সিকান্দার/হালিম/১৬.৪০ ঘ.